ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

**14 July 2026** **7:35 AM IST**

---

রাজ্যে ভোটার তালিকায় সম্প্রতি ৯১ হাজার ৩শ ৮৫ জনের নামের পাশে ‘ডি’ চিহ্ন লাগানো হয়েছে । এরমধ্যে রাজ্যে ৫৬ হাজার ৭শ ২৮জন ডি-ভোটারকে বিদেশী ন্যায়াধিকরণের পক্ষ থেকে বিদেশী হিসেবে ঘোষণা করা হয়েছে বলে গৃহ ও রাজনৈতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী পীযূষ হাজারিকা জানিয়েছেন । গতকাল বিধানসভায় বিধায়ক নুরুল ইসলামের উত্থাপন করা এক প্রশ্নের উত্তরে মন্ত্রী শ্রীহাজারিকা জানান যে- পরবর্তী পর্যায়ে যারা হাইকোর্টে আবেদন করেছেন, তাদের মধ্যে ৮শ ৩১ জনকে বিদেশী বলে রায় দেওয়া হয়েছে । এছাড়া বিদেশী ন্যায়াধিকরণ ৬৫ হাজার ১৭১জনকে, হাইকোর্ট ৪২ জনকে এবং সুপ্রীমকোর্ট তিনজনকে ভারতীয় নাগরিক বলে ঘোষণা করেছে বলেও মন্ত্রী শ্রীহাজারিকা জানিয়েছেন ।

---

আসাম বিধানসভার বাজেট নিয়ে আলোচনা শেষ হওয়ার পর বিধানসভার কেন্দ্রীয় কক্ষে রাজ্যের হাতি ও বানরের উপদ্রব বেশি হওয়া বিধানসভা কেন্দ্রগুলির বিধায়কদের নিয়ে আগামীকাল একটি জরুরি বৈঠক অনুষ্ঠিত হবে বলে রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া জানিয়েছেন । গতকাল বিধানসভায় বিধায়ক পদ্ম হাজারিকা ভারত-ভূটান সীমান্তে বন্য হাতির উপদ্রব এবং হাতি ও

মানুষের সংঘাতকে নিয়ে উত্থাপন করা এক প্রশ্নের উত্তরে রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া একথা জানিয়েছেন ।

এর আগে বিধায়ক পদ্ম হাজারিকা জানান যে- হাতি ও মানুষের সংঘাতের ফলে গত তিন বছরে রাজ্যে ১২০টি হাতি এবং ৩৬৩ জন লোকের মৃত্যু হয়েছে ।

---

আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৬-২৭ শিক্ষাবর্ষের স্নাতক পাঠ্যক্রমের নামভর্তির জন্য সাধারণ প্রবেশ পরীক্ষা আগামী ১৮ই জুলাই অনুষ্ঠিত হবে । এই পরীক্ষা শিলচর , গুয়াহাটী, যোরহাট ,তেজপুর ,কোকরাঝার সহ রাজ্যের মোট ১৮টি কেন্দ্রে তিনটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । আবেদনকারীরা তাঁদের প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ডব্লু ডব্লু ডব্লু ডট এ এ ইউ ডট এসি ডট ইন থেকে ডাউনলোড করতে পারবেন ।

---

শ্রীভূমি জেলা উন্নয়ন সমন্বয় ও পর্যবেক্ষন কমিটির এক সভা গতকাল জেলা আয়ুক্তের কার্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয় । করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ-র পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি , পরিকাঠামো উন্নয়ন এবং কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যানমূলক প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , বিধায়ক জাকারিয়া আহমেদ , ভারতীয় জনতা পার্টির জেলা সভাপতি সঞ্জীব বণিক সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস গতকাল মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার সঙ্গে সাক্ষাৎ করে আগামীতে অনুষ্ঠেয় রাজ্য সরকারের তৃতীয় ও চর্তুথ শ্রেণীর

পরীক্ষার একটি কেন্দ্র হিসেবে হাইলাকান্দি জেলাকে অর্ন্তভুক্ত করার আবেদন জানিয়েছেন । সেই সঙ্গে বিধায়ক ডক্টর দাস অসম পুলিশ নিয়োগ প্রক্রিয়ার শারিরীক সক্ষমতা পরীক্ষা এবং সাক্ষাৎকার গ্রহনের জন্য একটি কেন্দ্র হাইলাকান্দিতে নির্ধারন করার অনুরোধ করেছেন । এ বিষয়ে বিধায়ক ডক্টর দাস জানিয়েছেন যে হাইলাকান্দিতে এই পরীক্ষা কেন্দ্র চালু হলে , জেলার পাশাপাশি পার্শ্ববর্তী এলাকার পরীক্ষার্থীরা উপকৃত হবেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত জয় বিকাশ গতকাল জেলায় কৃষি নিবন্ধন কর্মসূচির অগ্রগতি নিয়ে জেলার কৃষি বিভাগের সঙ্গে একটি বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে জেলা আয়ুক্ত কৃষক নিবন্ধনের বর্তমান অগ্রগতি ও নিবন্ধন প্রক্রিয়ার গতি সর্ম্পকে আলোচনা করেন । জেলা আয়ুক্ত জেলার সব যোগ্য কৃষকদের নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন ।

---

অসম গোর্খা স্টুডেন্টস ইউনিয়নের উদ্যোগে গতকাল হাফলং জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে আদিকবি ভানুভক্ত আচার্যের ২১২তম জন্ম জয়ন্তী বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে । অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে ডিমা হাসাও সায়ত্ব শাসিত পরিষদের মূখ্য কার্যবাহী সদস্য দেবলাল গারলোসা আদিকবির জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে পরিচালিত দূর শিক্ষাকেন্দ্রের এক বছরের বাংলা ভাষা ডিপ্লোমা পাঠ্যক্রমে চলতি শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে । এ সর্ম্পকিত বিজ্ঞপ্তী আগামী দোসরা আগষ্ট বরাক বঙ্গের ওয়েব সাইটে প্রকাশিত হবে । ভর্তির জন্য অনলাইন রেজিষ্ট্রেশন আগামী তেসোরা আগষ্ট থেকে ১৬ই আগষ্ট পর্য্যন্ত চালু থাকবে । ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ,

নির্দেশাবলী এবং পরবর্তী আপডেট জানতে ছাত্র-ছাত্রীদের বরাক বঙ্গের ওয়েব সাইটে নজর রাখতে বলা হয়েছে ।